

তারিখ: 20/02/2017

আর বি আই পুনে স্থিত রুপি কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড –র প্রতি জারি করা বিশেষ নিয়ন্ত্রণবিধির মেয়াদ বৃদ্ধি করল

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক (আরবিআই) ফেব্রুয়ারি 16, 2017 তারিখাঙ্কিত আদেশবিধির মাধ্যমে পুনে, মহারাষ্ট্র স্থিত রুপি কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড-এর প্রতি জারি করা বিশেষ নিয়ন্ত্রণবিধির মেয়াদ পর্যালোচনার সাপেক্ষে ফেব্রুয়ারি 22, 2017 থেকে অগস্ট 21, 2017 পর্যন্ত আরও ছয় মাসের জন্য বৃদ্ধি করল। বিশেষ নিয়ন্ত্রণবিধিটি শুরুতে ফেব্রুয়ারি 22, 2013 থেকে অগস্ট 21, 2013 পর্যন্ত মেয়াদকালের জন্য আরোপ করা হয়েছিল এবং প্রতিবার ছ'মাস করে মোট ছ'বার ও প্রতিবার তিনমাস করে মোট দু'বার এর মেয়াদ বৃদ্ধি করা হয়েছিল। শেষ মেয়াদবৃদ্ধিটি করা হয়েছিল অগস্ট 22, 2016 থেকে ফেব্রুয়ারি 21, 2017 পর্যন্ত ছয় মাসের মেয়াদকালের জন্য।

ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 এর ধারা 35A –র উপধারা (1) তৎসহ পঠিত উক্ত আইনের ধারা 56 -এর অধীনে উক্ত বিশেষ নিয়ন্ত্রণবিধি আরোপ করা হয়েছিল। আগ্রহী জনগণের অবগতির জন্য উক্ত বিশেষ নিয়ন্ত্রণবিধির প্রতিলিপি ব্যাঙ্ক চত্বরে প্রদর্শিত আছে।

রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক বিশেষ নিয়ন্ত্রণবিধি জারির অর্থ এই নয় যে রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক ব্যাঙ্কিং লাইসেন্স বাতিল করা হয়েছে। আর্থিক অবস্থার উন্নতি না হওয়া অবধি ব্যাঙ্কটি বিধিনিষেধ মেনে ব্যাঙ্কিং ব্যবসাকার্য অব্যাহত রাখবে। রিজার্ভ ব্যাঙ্ক উদ্ভূত পরিস্থিতির উপর নির্ভর করে উক্ত বিশেষ নিয়ন্ত্রণবিধির পরিমার্জন বিবেচনা করতে পারে।

প্রেস প্রকাশনি : 2016-2017/2245

অজিত প্রসাদ
সহায়ক উপদেষ্টা